গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য মন্ত্রণালয়
টিভি-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

প্রজ্ঞাপন

নং-১৫.০০.০০০০.০২৪.২২.০০৩.১৫-৩৪০ তারিখঃ ৫ ভাদ্র, ১৪২৫ / ২০ আগস্ট, ২০১৮

বাংলাদেশ টেলিভিশন পুরস্কার নীতিমালা ২০১৮

১.০ **উপক্রমণিকা** : বিটিভি ১৯৬৪ সালের ২৫ ডিসেম্বর তৎকালীন ঢাকা শহরের ডিআইটি ভবনের নিচতলায় এনইসি (নিপ্পন ইলেকট্রিক কোম্পানী) জাপানের সহায়তায় আত্মপ্রকাশ করে। স্বাধীনতা-উত্তর ১৯৭২ সালে রাষ্ট্রপতির আদেশে বাংলাদেশ টেলিভিশন একটি সরকারি গণমাধ্যমে রূপান্তরিত হয়। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নির্দেশে আধুনিক প্রযুক্তি সংযুক্ত করে ১৯৭৫ সালের ০৯ ফেব্রুয়ারি ডিআইটির ক্ষুদ্র পরিসর থেকে রামপুরার বৃহত্তর পরিমন্ডলে বাংলাদেশ টেলিভিশন কেন্দ্র স্থানান্তর করা হয়।

বাংলাদেশ টেলিভিশন অনুষ্ঠান ও বহুমাত্রিক টিভি কন্টেন্ট তৈরি এবং সংবাদ প্রচারের মাধ্যমে জনগণকে তথ্য প্রদান, উন্নয়নে উদ্বুদ্ধকরণ, জাতীয় ইতিহাস, ঐতিহ্য, কৃষ্টি, সংস্কৃতির চর্চা ও লালনের মাধ্যমে জনরুচি উন্নয়ন ও জনমনে ইতিবাচক পরিবর্তন সাধন; পরিবেশ ও প্রকৃতি এবং জীবন-জীবিকার সাথে সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে গণসচেতনতা ও জনগণের তথ্য প্রাপ্তির অধিকারের বিষয়ে সচেতনতা সৃষ্টি করে থাকে। টেলিভিশন অনুষ্ঠান নির্মাণ একটি সৃজনশীল কাজ। বঙ্গবন্ধুর হাতে গড়া এ সরকারি গণমাধ্যমের উত্তরোত্তর মানোন্নয়নের জন্য এর অনুষ্ঠান নির্মাণের সাথে সংশ্লিষ্ট কলাকুশলীদের সৃজনশীলতা বৃদ্ধি করার জন্য তাঁদের উৎসাহ প্রদান করা প্রয়োজন। এ লক্ষ্যে তাঁদের পুরস্কৃত করার ব্যবস্থা প্রবর্তনের জন্য এ নীতিমালা প্রণয়ন করা হলো।

২.০ **শিরোনাম** : এ নীতিমালা "বাংলাদেশ টেলিভিশন পুরস্কার নীতিমালা ২০১৮" নামে অভিহিত হবে।

৩.০ **পুরস্কারের ক্ষেত্র** : নিম্নবর্ণিত ক্ষেত্রসমূহ বাংলাদেশ টেলিভিশন পুরস্কারের জন্য বিবেচিত হবে :

(০১) আজীবন সম্মাননা;
(০২) শ্রেষ্ঠ প্রযোজক (অনুষ্ঠান);
(০৩) শ্রেষ্ঠ প্রযোজক (প্রামাণ্য অনুষ্ঠান/ ডকুমেন্টারী);
(০৪) শ্রেষ্ঠ ম্যাগাজিন অনুষ্ঠান;
(০৫) শ্রেষ্ঠ গ্রাফিক্স ডিজাইনার;
(০৬) শ্রেষ্ঠ ক্যামেরাম্যান (অনুষ্ঠান ও নাটক);
(০৭) শ্রেষ্ঠ শিল্প নির্দেশক;
(০৮) শ্রেষ্ঠ প্রযোজক (সংবাদ);
(০৯) শ্রেষ্ঠ ক্যামেরাম্যান (সংবাদ);
(১০) শ্রেষ্ঠ প্রযোজক (নাটক);
(১১) শ্রেষ্ঠ নাট্যকার;
(১২) শ্রেষ্ঠ অভিনেতা;
(১৩) শ্রেষ্ঠ অভিনেত্রী;
(১৪) শ্রেষ্ঠ নৃত্যশিল্পী (নারী);
(১৫) শ্রেষ্ঠ নৃত্যশিল্পী (পুরুষ);
(১৬) শ্রেষ্ঠ উপস্থাপক;
(১৭) শ্রেষ্ঠ বিতার্কিক;
(১৮) শ্রেষ্ঠ গীতিকার;
(১৯) শ্রেষ্ঠ গায়ক;
(২০) শ্রেষ্ঠ গায়িকা;
(২১) শ্রেষ্ঠ সুরকার;
(২২) শ্রেষ্ঠ শিশুতোষ অনুষ্ঠান;
(২৩) শ্রেষ্ঠ শিশু শিল্পী।

৪.০ **পুরস্কার:**

সকল পুরস্কারপ্রাপ্তকে একটি রেপ্লিকা ও সনদপত্র প্রদান করা হবে।

৫.০ **পুরস্কার বাছাই কমিটি গঠন** : তথ্য মন্ত্রণালয় প্রজ্ঞাপন জারির মাধ্যমে প্রতিবছর বাংলাদেশ টেলিভিশন পুরস্কার বাছাই কমিটি গঠন করবে।

(০১) **নিম্নবর্ণিত কর্মকর্তা/বিশিষ্ট ব্যক্তিদের সমন্বয়ে বাংলাদেশ টেলিভিশন পুরস্কার বাছাই কমিটি গঠন করা হবে** :

০১.	অতিরিক্ত সচিব, তথ্য মন্ত্রণালয়	-	সভাপতি
০২.	প্রধান নির্বাহী, বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট	-	সদস্য
০৩.	একজন বিশিষ্ট টেলিভিশন অনুষ্ঠান নির্মাতা	-	সদস্য
০৪.	একজন বিশিষ্ট নাট্যকার	-	সদস্য
০৫.	একজন বিশিষ্ট অভিনয় শিল্পী	-	সদস্য
০৬.	একজন বিশিষ্ট সঙ্গীত পরিচালক	-	সদস্য
০৭.	একজন বিশিষ্ট সংবাদ পাঠক	:	সদস্য
০৮.	একজন বিশিষ্ট নৃত্যশিল্পী	-	সদস্য
০৯.	একজন বিশিষ্ট আইটি বিশেষজ্ঞ	-	সদস্য
১০.	উপসচিব (টিভি-১), তথ্য মন্ত্রণালয়	-	সদস্য সচিব।

বাংলাদেশ টেলিভিশন, ঢাকা কেন্দ্র পুরস্কার বাছাই কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

(০২) **পুরস্কার বাছাই কমিটির কার্যপরিধি** :

০১. পুরস্কার বাছাই কমিটি একটি নির্দিষ্ট বছরে সম্প্রচারকৃত অনুষ্ঠান/টিভি কন্টেন্ট দেখে সেই বছরের পুরস্কারের জন্য পুরস্কারের বিভিন্ন ক্ষেত্রের কলাকুশলীর নাম সুপারিশ করবে;

০২. গঠনের পর বাছাই কমিটি পুরস্কারের জন্য অনুষ্ঠান আহবান করে বিজ্ঞপ্তি জারি করবে এবং নির্দিষ্ট সময়ের মধ্যে পুরস্কার বিবেচনার জন্য অনুষ্ঠান জমা দেয়ার অনুরোধ জানাবে;

০৩. অনুষ্ঠান জমা প্রাপ্তি /সংগ্রহ করার পর কমিটি স্ক্রিনিং, পরীক্ষা, পর্যালোচনা ও মূল্যায়ন করে বিবেচ্য বছরের পুরস্কারের জন্য সুপারিশমালা প্রণয়ন করে তথ্য মন্ত্রণালয়ে প্রেরণ করবে;

০৪. আজীবন সম্মাননা ব্যতীত অন্য সব ক্ষেত্রে শ্রেষ্ঠত্বের বিচারে প্রয়োজনীয় মনে হলে বাছাই কমিটি একাধিক ব্যক্তিকে পুরস্কার প্রদানের জন্য সুপারিশ করতে পারবে;

০৫. কোনো ক্ষেত্রে পুরস্কারের জন্য যথাযোগ্য মনে না করলে বাছাই কমিটি সেই ক্ষেত্রে সুপারিশ প্রদান থেকে বিরত থাকতে পারে। তবে এক্ষেত্রে সুপারিশ না করার কারণ উল্লেখ করতে হবে;

০৬. উপরোক্ত দায়িত্ব সম্পাদনের জন্য প্রয়োজনীয় অন্যান্য ব্যবস্থা ও কার্যক্রম।

(০৩) **পুরস্কারের জন্য বিবেচ্য বিষয়সমূহ** :

০১. বাংলাদেশ টেলিভিশনের নিজস্ব প্রযোজনায় একাধারে নির্মিত ও বাংলাদেশ টেলিভিশনে প্রচারিত যে কোনো অনুষ্ঠান পুরস্কারের আওতায় আসবে; আউটসোর্সিং বা প্যাকেজ নীতিমালার আওতায় বাইরে থেকে সংগৃহীত অনুষ্ঠান পুরস্কারের জন্য বিবেচিত হবে না;

০২. আজীবন সম্মাননা পুরস্কারের জন্য জীবিত ব্যক্তিদেরকে বিবেচনা করা হবে;

০৩. পুরস্কারযোগ্য প্রতিটি শাখায় গুণগত ও শৈল্পিক মানে শ্রেষ্ঠত্বের ভিত্তিতে পুরস্কারের জন্য বিবেচনা করা হবে;

০৪. দেশীয় প্রেক্ষাপট, প্রযোজকের মৌলিকত্ব ও সৃজনশীলতার স্বাক্ষর বহনকারী অনুষ্ঠান পুরস্কারের জন্য বিবেচিত হবে;

০৫. পুরস্কারের জন্য বিবেচনার লক্ষ্যে বাছাই কমিটির নিকট জমাকৃত/ বাছাই কমিটি কর্তৃক স্বপ্রণোদিত হয়ে বাছাইকৃত অনুষ্ঠানের প্রতিটি শাখার কলাকুশলীদের নাম উল্লেখ করতে হবে;

০৬. বাংলাদেশ টেলিভিশন পুরস্কারের জন্য অংশগ্রহণকারী কোনো অনুষ্ঠানে বিটিভিতে প্রচার হয়নি এমন কোনো দৃশ্য সংযোজন করা যাবে না;

০৭. বাংলাদেশ টেলিভিশনের নিয়মিত কর্মকর্তা কর্মচারীর বাইরে অনুচ্ছেদ ৩ এর ১১-২০ ক্রমিকের সাথে সম্পৃক্ত শিল্পী কলা কুশলীরাও পুরস্কারের আওতায় আসবেন।

অতিরিক্ত পরিচালক (প্রশাসন)-এর কার্যালয়

৬.০ অন্যান্য বিষয়াদি :

(০১) প্রতিবছর বাংলাদেশ টেলিভিশন পুরস্কার আনুষ্ঠানিকভাবে প্রদান করা হবে; পুরস্কার বিতরণী অনুষ্ঠানের ব্যয়ভার বহনের জন্য বাজেটে সংশ্লিষ্ট খাতে অর্থ বরাদ্দ রাখা হবে;

(০২) বাছাই কমিটির সুপারিশের পর এ বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে;

(০৩) বাছাই কমিটির সদস্যগণ সরকার কর্তৃক নির্ধারিত হারে সম্মানী পাবেন; বিটিভি'র শিল্পী সম্মানী খাত থেকে সম্মানীর অর্থের ব্যয়ভার বহন করা হবে;

(০৪) বিভিন্ন যৌক্তিক প্রয়োজন এবং বাস্তবতা বিবেচনা করে বাছাই কমিটির সদস্য পরিবর্তন করে কমিটি পুনর্গঠন করা যাবে;

(০৫) জাতীয় চলচ্চিত্র পুরস্কারের ন্যায় মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক এ পুরস্কার প্রদানের জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে।

আবদুল মালেক
সচিব

নং-১৫.০০.০০০০.০২৪.২২.০০১.১৫-৩৪০ (১৬)

তারিখঃ ৫ ভাদ্র, ১৪২৫
২০ আগস্ট, ২০১৮

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা।
২। অতিরিক্ত সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। অতিরিক্ত সচিব (সম্প্রচার), তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। প্রধান নির্বাহী, বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট, মিরপুর রোড, ঢাকা।
৫। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। সচিব মহোদয়ের একান্ত সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা। [বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় জরুরী ভিত্তিতে প্রকাশপূর্বক মুদ্রিত ১০০০ (এক হাজার) কপি তথ্য মন্ত্রণালয়ে প্রেরণের অনুরোধ করা হল]।
৯। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, তথ্য মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা
১০। সিস্টেম এনালিস্ট, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২০।৮।১৮

(মোঃ আখতারুজ্জামান তালুকদার)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৫৫০১৭।
ই-মেইলঃ tv2@moi.gov.bd

সদর দপ্তর ভবন	ঢাকা কেন্দ্র
প্রধান প্রকৌশলী	জেনারেল ম্যানেজার
উপম (অনুঃ)	মুখ্য বার্তা সম্পাদক
উপম (বার্তা)	
পরিচালক (প্রশাসন)	❖ প্রয়োজনীয় ব্যবস্থা নিন
পরিচালক	❖ উপস্থাপন করুন
পরিচালক	❖ কথা বলুন
পরিচালক	❖ তাগিদ দিন
পরিচালক	
পরিচালক	
পরিচালক	
পরিচালক	
নিয়ন্ত্রক (লাইসেন্স)	

অতিরিক্ত পরিচালক (প্রশাসন)-এর কার্যালয়	
উপ-পরিঃ (প্রঃ)	প্রয়োজনীয় ব্যবস্থা নিন
সহঃ পরিঃ	উপস্থাপন করুন
সহঃ পরিঃ	তদন্ত করুন
সহঃ পরিঃ	তাগিদ দিন
সহঃ পরিঃ	স্মরণ করিয়ে দিন
নিরাপত্তা অফিসার	
পি,এ	

অতিঃ পরিচালক (প্রশাসন)

পরিচালক (প্রশাসন)-এর কার্যালয়	
অতিঃ পরিঃ (প্রঃ)	প্রয়োজনীয় ব্যবস্থা নিন
উপ-পরিঃ (প্রঃ)	
সহঃ পরিঃ (প্রঃ)	উপস্থাপন করুন
নিরাপত্তা অফিসার	তদন্ত করুন
সহঃ পরিঃ (ক্রয়)	তাগিদ দিন
পি,এ	স্মরণ করিয়ে দিন

পরিচালক (প্রশাসন)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ টেলিভিশন
সদর দপ্তর
রামপুরা, ঢাকা-১২১৯।
www.btv.gov.bd

নং-বিটিভি/প্রশাসন-১/২(ঘ)/ ২৭৬২/১

তারিখ: ২৯ ভাদ্র ১৪২৫ বঙ্গাব্দ
১৩ সেপ্টেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ

পূর্ব পৃষ্ঠায় বর্ণিত বিষয়ে সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুলিপি প্রেরণ করা হলো:

০১। উপ-মহাপরিচালক (অনুষ্ঠান), বাংলাদেশ টেলিভিশন, ঢাকা।
০২। উপ-মহাপরিচালক (বার্তা), বাংলাদেশ টেলিভিশন, ঢাকা।
০৩। প্রধান প্রকৌশলী, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা।
০৪। পরিচালক..................................(সকল), বাংলাদেশ টেলিভিশন, ঢাকা।
০৫। জেনারেল ম্যানেজার, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা/চট্টগ্রাম কেন্দ্র।
০৬। কন্ট্রোলার/লাইসেন্স ম্যানেজার, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা।
০৭। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা।
০৮। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, তথ্য মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
০৯। উপকেন্দ্র প্রধান ....(সকল), বাংলাদেশ টেলিভিশন।
১০। কার্যালয় নথি।

১৩/৯/১৮
মো: নাছিমুজ্জামান
সহকারী পরিচালক (প্রশাসন)
ফোন: ৯৩৫২০২৫ (অফিস)

Prog-1